

## নতুন শব্দ শেখানোর কৌশল

একজন শিক্ষক হিসেবে নতুন শব্দ কীভাবে শেখান আপনি? নতুন শব্দ সামনে এলেই অর্থ বলে দেন? অথবা ইংরেজি শব্দ শেখাতে তার বাংলা অর্থ বলে দেন সরাসরি? আবার সব শিক্ষার্থী কি একইভাবে শেখে বলে মনে করেন এবং একই নিয়মে শেখান?

নতুন নতুন শব্দ শেখা শিক্ষার্থীদের জন্যে খুব জরুরি, কারণ এর মাধ্যমেই দ্রুত পড়তে শেখে ওরা। বাক্যের মধ্যে অজানা শব্দ পেলে সেই বাক্যের অর্থ বোঝা ওদের জন্যে কঠিন হয়ে যায়। ওদের শব্দ ভাঙার যত সমৃদ্ধ ততটাই দ্রুত ওরা পড়তে শেখে এবং পড়েও বুঝতে পারে। নতুন শব্দ শেখা তাই অতীব গুরুত্বপূর্ণ।

- 1। শব্দটি সঠিকভাবে উচ্চারণ করতে শেখা,
- 2। তার অর্থ শেখা,
- 3। তার বানান শেখা এবং
- 4। তার ব্যবহার বা প্রয়োগ করতে শেখা।

এই ভিডিওতে নতুন শব্দ শেখানোর উপায় হিসেবে নিচের কয়েকটি কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে।

১. ছবির ব্যবহার
২. শব্দের খেলা
৩. একই শব্দ বিভিন্ন পরিস্থিতিতে ব্যবহার
৪. পুনরাবৃত্তি করা
৫. উপযুক্ত ক্ষেত্র বা অর্থপূর্ণ পরিস্থিতি তৈরি

আধুনিক শিক্ষক কেবল পড়াবেন না, শেখার পরিবেশ তৈরি করে শিক্ষার্থীদের শিখতে সহায়তা করবেন। আর এসব না করে কেবল যদি শব্দের অর্থ নিজেই বলে দিতেন, তাহলে খুব দ্রুতই আপনার পাঠদান সম্পন্ন হতো, কিন্তু ওদের শেখা হতো না বিশেষ কিছুই। তাই আপনিই ঠিক করুন কোন কৌশল অবলম্বন করবেন। আর অবশ্যই বিবেচনায় রাখবেন প্রত্যেক শিক্ষার্থী স্বতন্ত্র বৈশিষ্ট্যের অধিকারী এবং তাদের শেখার ধরনও স্বতন্ত্র। তাই একই কৌশল সবার উপরে প্রয়োগ করতে যাবেন না, বরং কৌশলে ভিন্নতা আনার চেষ্টা করুন।

অনেক ধন্যবাদ!

